



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল বা/এ
ঢাকা ১০০০।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(বৈদেশিক মুদ্রা বাজার নীতি শাখা)

সূত্র : এফইপিডি(এফইএমপি)/০১/২০১৩-৫৮৮

তারিখ : ০৩/১১/২০১৩ইং

প্রধান নির্বাহী কর্মকর্তা
সিটি ব্যাংক এন.এ.
২৩, মতিঝিল বা/এ
ঢাকা - ১০০০।

প্রিয় মহোদয়,

সতর্কতামূলক বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েবসাইটের হোমপেইজে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বৈদেশিক মুদ্রার অবৈধ Online trading/dealing এর মাধ্যমে মুনাফার প্রলোভন দেখানো কিছু প্রচারণা বিভিন্ন website ও facebook এর মত সামাজিক যোগাযোগের মাধ্যম এমনকি দৈনিক পত্রিকার অনলাইন সংস্করণেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে। Foreign Exchange Regulation Act, 1947 মোতাবেক বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সধারী অনুমোদিত ডিলার/মানি চেঞ্জার ছাড়া অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনলাইন বা অন্যবিধ মাধ্যমে বৈদেশিক মুদ্রার ক্রয় বিক্রয় বেআইনী ও দণ্ডযোগ্য অপরাধ বিধায় বাংলাদেশ ব্যাংক এ বিষয়ে জনসাধারণকে সতর্ক করে সতর্কীকরণ বিজ্ঞপ্তি (কপি সংযুক্ত) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের হোমপেইজে এবং পত্রিকায় প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করেছে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আপনাদের ব্যাংকের ওয়েবসাইটের হোমপেইজেও জরুরী ভিত্তিতে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রদীপ পাল)

উপ পরিচালক

ফোন : ৯৫৩০২৯৮

ফ্যাক্স : ৯৫৩০১১৯

ই-মেইল fepd.femp1@bb.org.bd

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

Online Forex Trading / Dealing এর মাধ্যমে মুনাফার প্রলোভনে বৈদেশিক মুদ্রার অবৈধ ক্রয়-বিক্রয় থেকে বিরত থাকুন

সম্প্রতি বৈদেশিক মুদ্রার অবৈধ Online trading / dealing এর মাধ্যমে মুনাফার প্রলোভন দেখানো কিছু প্রচারণা বিভিন্ন website ও facebook এর মতো সামাজিক যোগাযোগের মাধ্যম এমনকি দৈনিক পত্রিকার অনলাইন সংস্করণেও লক্ষ্য করা যাচ্ছে। Foreign Exchange Regulation Act, 1947 মোতাবেক বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সধারী অনুমোদিত ডিলার / মানি চেঞ্জার ছাড়া অন্য কোন ব্যক্তি / প্রতিষ্ঠানের অনলাইন বা অন্যান্য মাধ্যমে বৈদেশিক মুদ্রার ক্রয়-বিক্রয় বেআইনি ও দণ্ডযোগ্য অপরাধ।

এ প্রেক্ষিতে বৈদেশিক মুদ্রার এ ধরনের অবৈধ ক্রয়-বিক্রয়ের প্ররোচনামূলক বিজ্ঞপ্তি দ্বারা আকৃষ্ট না হবার জন্য এবং বিজ্ঞাপন প্রচারে সহায়ক ভূমিকা না নেবার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া যাচ্ছে।



বাংলাদেশ ব্যাংক

